

বিজিএমইএ/মেম্বারশিপ/২০২৬/৯৭০

তারিখ: ৩০ জুন ২০২৬

সম্মানিত সকল সদস্যদের জন্য

বিষয়: সদস্যপদ সংক্রান্ত বোর্ড সিদ্ধান্ত বাস্তবায়ন।

দেশের তৈরি পোশাক শিল্পখাতকে আরও টেকসই ও সুসংগঠিত করার লক্ষ্যে বিজিএমইএ পরিচালনা পর্ষদ (২০২৫-২০২৭)-এর ১৩ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত ৮ম জরুরি বোর্ড সভায় গৃহীত নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ অবিলম্বে কার্যকর করা হলো:

১। অস্থায়ী (নতুন) সদস্যপদ নম্বর প্রদান

নতুন সদস্যপদের আবেদনকারীদের জন্য এখন থেকে একটি **অস্থায়ী সদস্যপদ নম্বর** প্রদান করা হবে। অস্থায়ী সদস্যপদের প্রাথমিক মেয়াদ হবে **২ (দুই) মাস**, যা প্রয়োজনে সর্বোচ্চ **৬ (ছয়) মাস** পর্যন্ত বর্ধিত করা যেতে পারে। নির্ধারিত সময়ের মধ্যে স্থায়ী সদস্যপদ গ্রহণে ব্যর্থ হলে অস্থায়ী সদস্যপদ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পুনরায় নতুনভাবে সদস্যপদের জন্য আবেদন করতে হবে।

২। সদস্যপদের জন্য কারখানার ন্যূনতম আয়তন

বিজিএমইএ সদস্যপদ লাভের জন্য কারখানার ন্যূনতম আয়তন **১৫,০০০ (পনের হাজার) বর্গফুট** বহাল থাকবে। পূর্ববর্তী নীতিমালার আওতায় ১৫,০০০ বর্গফুটের কম আয়তনের যেসব কারখানা নিবন্ধিত হয়েছে, সেসব কারখানা স্থানান্তর বা পুনঃস্থাপনের ক্ষেত্রে নতুন নীতিমালা অনুযায়ী **ন্যূনতম ১৫,০০০ (পনের হাজার) বর্গফুট আয়তনের** কারখানা স্থাপন বাধ্যতামূলক হবে।

৩। যৌথ ও শতভাগ বিদেশি মালিকানাধীন প্রতিষ্ঠানের ডোনেশন ফি

যৌথ (Joint Venture) এবং ১০০% বিদেশি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে, ১৫ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত বিজিএমইএ পরিচালনা পর্ষদের নিয়মিত সভার সিদ্ধান্তের পূর্বে যদি কোনো প্রতিষ্ঠানের মালিকানা পরিবর্তন বা হস্তান্তর হয়ে থাকে এবং নির্ধারিত ডোনেশন ফি পরিশোধ করা না হয়ে থাকে, তবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে নিম্নরূপ ডোনেশন ফি পরিশোধ করতে হবে—

- **যৌথ (Joint Venture) প্রতিষ্ঠান:** ট৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার)।
- **১০০% বিদেশি মালিকানাধীন প্রতিষ্ঠান:** ট১৫,০০,০০০/- (পনের লক্ষ)।

এছাড়াও উল্লেখ্য যে, ১৫ জানুয়ারি ২০২৪ তারিখের পূর্বে প্রতিষ্ঠিত যৌথ ও ১০০% বিদেশি মালিকানাধীন যেসব প্রতিষ্ঠান নির্ধারিত ডোনেশন ফি পরিশোধ করেনি, তাদের ক্ষেত্রে বিজিএমইএর যেকোনো সেবা গ্রহণের পূর্বে প্রয়োজ্য ডোনেশন ফি পরিশোধ বাধ্যতামূলক হবে।

উপরোক্ত সিদ্ধান্তসমূহ সকল সদস্যের অবগতির জন্য জারি করা হলো এবং সংশ্লিষ্ট সকলকে তা যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অব.)

ভারপ্রাপ্ত সচিব

বিজিএমইএ

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •